দৈনিক ইত্তেফাক

তারিখ 14 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শান্তি মিছিল

ইত্তেফাক রিপোর্ট ॥ বাবরী মসজিদে হামলার প্রতিবাদে এবং দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কর্মচারীবৃন্দ গতকাল (রবিবার) ক্যাম্পাসে শান্তি মিছিল বাহির করে। সকাল

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

১১ টায় অপরাজেয় বাংলার পাদদেশ হইতে মিছিল শুরু হইয়া সায়েন্স এনেক্স, কার্জন হল, দোয়েল চত্বর, টিএসসি এলাকা প্রদক্ষিণ শেষে পুনরায় অপরাজেয় বাংলার পাদদেশে আসিয়া পৌছিলে এক সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ বলেন, জাতি হিসাবে আমরা সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য ধারণ করিয়া আসিতেছি। যেকোন মূল্যে এই ঐতিহ্য রক্ষা করিতে হইবে। ডাকসুর এ,জি, এস নাজিম-উদ্দিন আলমও সমাবেশে বক্তৃতা করেন।